এবং $BE = CF$. A ও D যোগ করা হলো। প্রমাণ করতে হবে যে,

AD, $\angle EDF$ এর সমদ্বিখণ্ডক।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ABD$ ও $\triangle ACD$ এ

$AB = AC$,

$BD = CD$

[দেওয়া আছে]

এবং AD বাহু সাধারণ।

[দেওয়া আছে]

$\therefore \triangle ABD \cong \triangle ACD$

$\therefore \angle ADB = \angle ADC$.


২. $\angle ADB - \angle BDE = \angle ADC - \angle CDF$

$$\angle ADB - \angle BDE = \angle ADC - \angle CDF \quad [\text{খ হতে } \angle BDE = \angle CDF]$$

$$\therefore \angle ADE = \angle ADF$$

$\therefore AD, \angle EDF$ এর সমদ্বিখন্ডক। [প্রমাণিত]

প্রশ্ন-৫ ▶




চিত্রে $\triangle ABC$ -এ $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$, $\angle ABC = 50^\circ$.



- ক. উপর্যুক্ত চিত্রের অনুরূপ একটি চিত্র আঁক। ২
খ. $\angle BAD = 20^\circ$ হলে $\angle DAE$ এর মান নির্ণয় কর। ৪
গ. প্রমাণ কর যে, $AD = AE$. ৪

▶◀ ৫নং প্রশ্নের সমাধান ▶▶

ক. উপর্যুক্ত চিত্রের অনুরূপ একটি চিত্র অঙ্কন করা হলো :



$\triangle ABC$ এ $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$, $\angle ABC = 50^\circ$.

খ. $\triangle ABC$ এ $AB = AC$

$$\therefore \angle ABC = \angle ACB = 50^\circ$$

আবার, $\triangle ABC$ এ $\angle ABC + \angle ACB + \angle BAC = 180^\circ$

$$\text{বা, } 50^\circ + 50^\circ + \angle BAC = 180^\circ$$

$$\therefore \angle BAC = 180^\circ - 100^\circ = 80^\circ$$

আবার, $\angle BAD = \angle CAE = 20^\circ$

$$\begin{aligned} \therefore \angle DAE &= \angle BAD + \angle BAC + \angle CAE \\ &= 20^\circ + 80^\circ + 20^\circ \\ &= 120^\circ \end{aligned}$$

গ. বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এ $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$. প্রমাণ করতে হবে যে, $AD = AE$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ABC$ এ $AB = AC$

$$\therefore \angle ABC = \angle ACB.$$

[সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

$$\therefore 180^\circ - \angle ABC = 180^\circ - \angle ACB$$

$$\therefore \angle ABD = \angle ACE$$

[$\angle ABD$ ও $\angle ACE$ যথাক্রমে $\angle ABC$ ও $\angle ACB$ এর সম্পূরক]

২. $\triangle ABD$ ও $\triangle ACE$ -এ

$$\angle BAD = \angle CAE$$

[দেওয়া আছে]

$$\angle ABD = \angle ACE$$

[১ হতে]

$$\text{এবং } AB = AC$$

[দেওয়া আছে]

$$\therefore \triangle ABD \cong \triangle ACE$$

[কোণ-কোণ-বাহু উপপাদ্য]

$$\therefore AD = AE \text{ [প্রমাণিত]}$$



সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ



প্রশ্ন-৬ ▶ $\triangle ABC$ ও $\triangle DEF$ -এ $\angle B = \angle E$, $\angle C = \angle F$ এবং BC বাহু = অনুরূপ EF বাহু।

- ক. প্রদত্ত তথ্যের আলোকে ত্রিভুজ দুটি আঁক। ২
খ. প্রাপ্ত চিত্র ও তথ্যের আলোকে প্রমাণ কর, $\angle A = \angle D$ ৪
গ. প্রাপ্ত চিত্রানুসারে প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle DEF$ ৪

প্রশ্ন-৭ ▶ $\triangle ABC$ ও $\triangle DEF$ -এ $AB = DE$, $AC = DF$ ও $BC = EF$.

- ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিবরণসহ ত্রিভুজ দুটির চিত্র আঁক। ২
খ. $\triangle ABC$ এ $\angle A = \angle C$ এবং $AC = BC$ হলে, প্রমাণ কর যে, $\triangle ABC$ একটি সমবাহু ত্রিভুজ। ৪
গ. প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle DEF$. ৪

প্রশ্ন-৮ ▶ $\triangle ABC$ ও $\triangle DEF$ এ $AB = DE$, $AC = DF$ এবং $BC = EF$ হলে,

- ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ত্রিভুজ দুইটি আঁক। ২
খ. প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle DEF$ ৪
গ. যদি $\triangle ABC$ এর $AB = AC$ হয় তাহলে প্রমাণ কর যে, $\angle ABC = \angle ACB$. ৪

প্রশ্ন-৯ ▶ $ABCD$ চতুর্ভুজের $AB = AD$ এবং $\angle B = \angle D =$ এক সমকোণ।

- ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিবরণসহ একটি চিত্র আঁক। ২
খ. $\angle A = 60^\circ$ হলে $\angle C$ এর মান নির্ণয় কর। ৪
গ. প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle ADC$. ৪
উত্তর : খ. 120°

অনুশীলনী ১০.৩



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



দুইটি ত্রিভুজ বা বহুভুজ সদৃশ হলে

■ অনুরূপ কোণগুলো সমান।

■ অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।




সদৃশ ত্রিভুজ : দুইটি সদৃশ ত্রিভুজের অনুরূপ কোণগুলো সমান এবং অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

ত্রিভুজের সদৃশতার শর্ত :


শর্ত ১। (বাহু-বাহু-বাহু)

যদি একটি ত্রিভুজের তিন বাহু অপর একটি ত্রিভুজের তিন বাহুর সমানুপাতিক হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।




শর্ত ২। (বাহু-কোণ-বাহু)

যদি দুইটি ত্রিভুজের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক হয় এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।




শর্ত ৩। (কোণ-কোণ)

যদি দুইটি ত্রিভুজের একটির দুইটি কোণ যথাক্রমে অপরটির দুইটি কোণের সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।



শর্ত ৪। (অতিভুজ-বাহু)

যদি দুইটি সমকোণী ত্রিভুজের একটির অতিভুজ ও একটি বাহু যথাক্রমে অপরটির অতিভুজ ও অনুরূপ বাহুর সমানুপাতিক হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।



সদৃশ চতুর্ভুজ :

দুইটি চতুর্ভুজের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হলে চতুর্ভুজ দুইটি সদৃশ।

লবণীয় যে, দুইটি সদৃশ চতুর্ভুজের

(ক) অনুরূপ কোণগুলো সমান এবং


(খ) অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।




অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



প্রশ্ন ১১। নিচের প্রতিটি চিত্রে ত্রিভুজ দুইটির সদৃশতার কারণ বর্ণনা কর।



সমাধান:



প্রথম চিত্রে, $\triangle ABE$ এবং $\triangle ACD$ সদৃশ কারণ

$\angle ABE = \angle ACD$ [$\because BE \parallel CD$ এবং AC এদের ছেদক]

$\angle AEB = \angle ADC$ [$\because BE \parallel CD$ এবং AD এদের ছেদক]

এবং $\angle BAE = \angle CAD$ [সাধারণ কোণ]

ত্রিভুজ দুইটির অনুরূপ তিনটি কোণ পরস্পর সমান হওয়ায় এরা পরস্পর সদৃশ।

দ্বিতীয় চিত্রে, $\triangle PLM$ এবং $\triangle PQN$ সদৃশ কারণ

$\angle PML = \angle PQN$ [প্রদত্ত]

$\angle MPL = \angle NPQ$ [সাধারণ কোণ]

ত্রিভুজ দুইটির অনুরূপ দুইটি কোণ সমান হওয়ায় এরা সদৃশ।

তৃতীয় চিত্রে, $\triangle WXY$ এবং $\triangle VYZ$ সদৃশ কারণ

$\angle WYX = \angle ZYV$

$$\frac{WY}{YZ} = \frac{6}{9} = \frac{2}{3}; \frac{XY}{YV} = \frac{4}{6} = \frac{2}{3} \therefore \frac{WY}{YZ} = \frac{XY}{YV} = \frac{2}{3}$$

এদের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান হওয়ায় এরা সদৃশ।

চতুর্থ চিত্রে, $\triangle KGH$ এবং $\triangle JIG$ সদৃশ কারণ

$\angle GKH = \angle GIT$ [সমকোণ]

এবং $\angle KGH = \angle JGI$ [সাধারণ কোণ]

এদের একটির দুই কোণ অপরটির দুই কোণের সমান হওয়ায় এরা সদৃশ।

পঞ্চম চিত্রে, $AC = AE + CE = 7 + 3 = 10$

$$\therefore \frac{AC}{ED} = \frac{10}{5} = 2, \frac{BC}{CE} = \frac{6}{3} = 2, \angle ABC = \angle ECD \quad [\text{এক সমকোণ}]$$

$\therefore AC$ ও ED দুইটি অতিভুজ।

\therefore সমকোণী $\triangle ABC$ ও সমকোণী $\triangle ECD$ সদৃশ কারণ এদের অতিভুজ ও একটি বাহু অপরটির অতিভুজ ও অনুরূপ বাহুর সমানুপাতিক।

ষষ্ঠ চিত্রে, $\frac{ZY}{YW} = \frac{10}{5} = 2, \frac{VY}{XY} = \frac{26}{13} = 2$

এবং অন্তর্ভুক্ত $\angle ZYV = \angle XYW$. [বিপ্রতীপ কোণ]


$\therefore \triangle VYZ$ এবং $\triangle WXY$ সদৃশ কারণ এদের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান।

আবার, $\angle VZY = \angle YWX$ [সমকোণ]


এবং $\angle ZYV = \angle XYW$ [বিপ্রতীপ কোণ]

∴ ΔVYZ এবং ΔWXY সদৃশ কারণ এদের একটির দুইটি কোণ যথাক্রমে অপরটির দুইটি কোণের সমান।

প্রশ্ন ১২ ২ ১ প্রমাণ কর যে, নিচের প্রতিটি চিত্রের ত্রিভুজ দুইটি সদৃশ।



সমাধান :



(a) বিশেষ নির্বচন : চিত্রের ΔABC এবং ΔDCE এ AB ∥ DE. প্রমাণ করতে হবে যে, ΔABC এবং ΔDCE সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

- AB ∥ DE এবং BD তাদের ছেদক। [দেওয়া আছে]
∴ ∠ABC = একান্তর ∠CDE [একান্তর কোণ]
- ΔABC ও ΔDCE এ
∠ABC = ∠CDE [একান্তর কোণ]
- এবং ∠ACB = বিপ্রতীপ ∠DCE
∴ ত্রিভুজদ্বয় সদৃশ। [প্রমাণিত] [কোণ-কোণ শর্ত]

(b) বিশেষ নির্বচন : চিত্রের ΔWTX এবং ΔPTL এ ∠TWX = ∠TPL = 90° প্রমাণ করতে হবে যে, ΔWTX এবং ΔPTL সদৃশ।


প্রমাণ :

ধাপ

যথার্থতা

- ΔWTX ও ΔPTL এ
∠TWX = ∠TPL [সমকোণ]
- এবং ∠WTX = ∠PTL [সাধারণ]
∴ ΔWTX ও ΔPTL সদৃশ। [প্রমাণিত] [কোণ-কোণ শর্ত]

প্রশ্ন ১৩ ১ দেখাও যে, ΔPTN এবং ΔRWT সদৃশ।



সমাধান :

বিশেষ নির্বচন : দেওয়া আছে, চিত্রের ΔPTN এবং ΔRWT এ PT = 4, PN = 3, TN = 5 এবং WR = 12, TR = 9 এবং TW = 10 + 5 = 15. প্রমাণ করতে হবে যে, ΔPTN এবং ΔRWT সদৃশ।


প্রমাণ :

ধাপ


যথার্থতা

- ΔRWT ও ΔPTN এ
 $\frac{TR}{PN} = \frac{9}{3} = 3$, $\frac{WR}{PT} = \frac{12}{4} = 3$ [দেওয়া আছে]
এবং $\frac{WT}{TN} = \frac{15}{5} = 3$
- $\frac{TR}{PN} = \frac{WR}{PT} = \frac{WT}{TN}$
∴ ত্রিভুজদ্বয় সদৃশ। [প্রমাণিত] [বাহু-বাহু-বাহু শর্ত]

প্রশ্ন ১৪ ১ DY রেখাংশ ∠CDW কোণটির দ্বিখণ্ডক। দেখাও যে, ΔCDY ও ΔYDW সদৃশ।



সমাধান :



বিশেষ নির্বচন : চিত্রানুসারে, DY, ∠CDW কোণটির সমদ্বিখণ্ডক। CD = 6.75, DY = 9 এবং DW = 12. দেখাতে হবে যে, ΔCDY ও ΔYDW সদৃশ।


প্রমাণ :

ধাপ

যথার্থতা

- $\frac{CD}{DY} = \frac{6.75}{9} = 0.75$ [দেওয়া আছে]
 $\frac{DY}{DW} = \frac{9}{12} = 0.75$ [দেওয়া আছে]
- ΔCDY ও ΔYDW এ
 $\frac{CD}{DY} = \frac{DY}{DW}$ [ধাপ-১ অনুসারে]
- এবং অন্তর্ভুক্ত ∠CDY = অন্তর্ভুক্ত ∠WDY. [DY, ∠CDW এর দ্বিখণ্ডক।]
∴ ΔCDY এবং ΔYDW সদৃশ। [বাহু-কোণ-বাহু শর্ত] [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ১ নিচের প্রতিটি সদৃশ ত্রিভুজ জোড়া থেকে y এর মান বের কর।



সমাধান :

(a) ΔABC ও ΔDEF সদৃশ।

$$\frac{AB}{DE} = \frac{AC}{DF}$$

$$\frac{y}{20} = \frac{6}{12}$$

$$\text{বা, } y = \frac{6}{12} \times 20$$

$$\text{বা, } y = 10$$

(b) ΔXYZ ও ΔPQR সদৃশ।



∴ এদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

$$\frac{PR}{XY} = \frac{QR}{YZ}$$


$$\text{বা, } \frac{y}{7.5} = \frac{10}{6}$$

$$\text{বা, } y = \frac{10}{6} \times 7.5 = 12.5$$


$$\therefore y = 12.5$$



প্রশ্ন ১৬ ১ প্রমাণ কর যে, চিত্রের ত্রিভুজ তিনটি সদৃশ।



সমাধান :



বিশেষ নির্বচন : চিত্রে $\triangle DGF$ এ $DG = 3\text{ cm}$, $GF = 4\text{ cm}$ এবং $DF = 5\text{ cm}$. $DF \perp GE$. $\angle DGF = 90^\circ$. প্রমাণ করতে হবে যে, $\triangle DGF$, $\triangle DEG$ এবং $\triangle GEF$ পরস্পর সদৃশ।

প্রমাণ :

ধাপ


- $\triangle DGF$ ও $\triangle DEG$ এ
 $\angle DGF = \angle DEG$
- এবং $\angle GDF = \angle GDE$
 \therefore ত্রিভুজদ্বয় সদৃশ।
- $\triangle GEF$ এবং $\triangle DGF$ এ $\angle GEF = \angle DGF$ [সমকোণ]
এবং $\angle GFE = \angle DFG$ [সাধারণ কোণ]
 \therefore ত্রিভুজদ্বয় সদৃশ।
- $\therefore \triangle DGE$ এবং $\triangle GEF$ সদৃশ। [প্রত্যেকেই $\triangle DGF$ এর সদৃশ]
 \therefore ত্রিভুজ তিনটি পরস্পর সদৃশ।

যথার্থতা


[সমকোণ]

[সাধারণ কোণ]

প্রশ্ন ১৭ ১ চতুর্ভুজ দুইটির অনুরূপ কোণ ও অনুরূপ বাহুগুলো চিহ্নিত কর।
চতুর্ভুজ দুইটি সদৃশ কি-না যাচাই কর।



সমাধান :



চিত্রের চতুর্ভুজ $PTXA$ ও চতুর্ভুজ $BKGF$ এ

চাঁদার সাহায্যে পরিমাপ করে পাই,

$$\angle P = \angle B = 75^\circ, \angle A = \angle F = 75^\circ, \angle X = \angle G = 105^\circ$$

এবং $\angle T = \angle K = 105^\circ$ এবং রবলারের সাহায্যে পরিমাপ করে পাই,
 $TX = 10\text{ cm}$, $KG = 5\text{ cm}$; $PT = 8\text{ cm}$, $BK = 4\text{ cm}$; $PA = 14\text{ cm}$, $BF = 7\text{ cm}$; $AX = 12\text{ cm}$, $FG = 6\text{ cm}$. চতুর্ভুজদ্বয়ের TX এর অনুরূপ বাহু KG , PT এর অনুরূপ বাহু BK , PA এর অনুরূপ বাহু BF এবং AX এর অনুরূপ বাহু FG ।

$$\text{এখন, } \frac{TX}{KG} = \frac{10}{5} = 2, \frac{PT}{BK} = \frac{8}{4} = 2$$


$$\frac{PA}{BF} = \frac{14}{7} = 2, \frac{AX}{FG} = \frac{12}{6} = 2$$

$$\therefore \frac{TX}{KG} = \frac{PT}{BK} = \frac{PA}{BF} = \frac{AX}{FG} = 2$$


অর্থাৎ অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান।

সুতরাং চতুর্ভুজ দুইটি সদৃশ।

প্রশ্ন ১৮ ১ ১ মিটার দৈর্ঘ্যের একটি লাঠি মাটিতে দন্ডায়মান অবস্থায় ০.৪ মিটার ছায়া ফেলে। একই সময়ে একটি খাড়া গাছের ছায়ার দৈর্ঘ্য ৭ মিটার হলে গাছটির উচ্চতা কত?



সমাধান :



মনে করি, গাছটির উচ্চতা $DF = h$ মি.

লাঠির প্রান্ত বিন্দু ও ছায়ার প্রান্ত বিন্দু যোগ করি। গাছের প্রান্ত বিন্দু ও এর ছায়ার প্রান্ত বিন্দু যোগ করি। ফলে $\triangle ABC$ ও $\triangle DEF$ দুইটি সদৃশ ত্রিভুজ উৎপন্ন হলো।

কারণ $\angle ABC = \angle DEF$ এবং $\angle BAC = \angle EDF$

$$\therefore \frac{DF}{AC} = \frac{EF}{BC}$$

$$\text{বা, } \frac{h}{1} = \frac{7}{0.4}$$


$$\text{বা, } 0.4h = 7$$

$$\text{বা, } h = \frac{7}{0.4}$$

$$\therefore h = 17.5$$

গাছটির উচ্চতা = 17.5 মি. (Ans.)

প্রশ্ন ১৯ শিহাব নদী পার না হয়ে নদীর প্রস্থ মাপতে চায়। এ জন্য সে ঠিক অপর পাড়ে একটি গাছ বেছে নিয়ে নদীর পাড়ে চিত্রের ন্যায় কিছু মাপজোক করল। নদীর প্রস্থ নির্ণয় কর।



সমাধান :



অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০.৩ : সদৃশতা

পৃষ্ঠা : ১৩৮ ও ১৩৯

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


- সদৃশতার বিশেষ রূপ কী? (সহজ)
 - সর্বসমতা
 - Ⓐ প্রতিসমতা
 - Ⓔ সমতা
 - Ⓒ অসমতা

ব্যাখ্যা : সর্বসমতা সদৃশতার বিশেষ রূপ।
- দুইটি সদৃশ ত্রিভুজের বাহুগুলো পরস্পর সমান হলে ত্রিভুজ দুইটি কী ত্রিভুজে পরিণত হয়? (সহজ)
 - Ⓐ সদৃশ
 - সর্বসম
 - Ⓔ প্রতিসম
 - Ⓒ অপ্রতিসম
- যদি একটি ত্রিভুজের তিনটি কোণ অপর একটি ত্রিভুজের অনুরূপ কোণের সমান হয় তবে ত্রিভুজদ্বয় কী হবে? (সহজ)
 - Ⓐ সর্বসম
 - Ⓒ অসর্বসম
 - সদৃশ
 - Ⓓ অসদৃশ
- যে চিত্রের অনুরূপ দুই বাহুর দৈর্ঘ্য সমান নয় কিন্তু তাদের অনুপাত সর্বদা সমান তাদেরকে কী বলে? (সহজ)
 - Ⓐ অসদৃশ
 - সদৃশ
 - Ⓔ সর্বসম
 - Ⓒ সমান
- যদি দুটি চিত্রের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমানুপাতিক হয় এবং অনুরূপ কোণগুলো সমান হয় তবে চিত্রদ্বয় পরস্পর কী হবে? (সহজ)
 - সদৃশ
 - Ⓒ অসদৃশ
 - Ⓔ সর্বসম
 - Ⓓ অসর্বসম

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- সদৃশতার ক্ষেত্রে—
 - সর্বসমতা সদৃশতার বিশেষ রূপ
 - সদৃশতা সর্বসমতার বিশেষ রূপ
 - সদৃশ চিত্রের আকার সমান হলে তা সর্বসম চিত্রে পরিণত হয় নিচের কোনটি সঠিক? (মধ্যম)
 - Ⓐ i ও ii
 - i ও iii
 - Ⓔ ii ও iii
 - Ⓒ i, ii ও iii

ব্যাখ্যা : ii সর্বসমতা সদৃশতার বিশেষ রূপ।
সুতরাং উক্তিটি সঠিক নয়।



মনে করি, P বিন্দুতে গাছটি অবস্থিত। শিহাব S বিন্দু হতে নদীর পাড় বরাবর 15 মিটার গিয়ে M বিন্দুতে একটি খুঁটি পুতে MN বরাবর যায় যেন P, M, N একই রেখায় থাকে। এখন, N বিন্দু হতে নদীর পাড়ে NO লম্ব বরাবর আসে। এখন সে মেপে দেখে OM = 5 মিটার এবং ON = 9.5 মিটার।

এখন, $\triangle PSM = \triangle MON$ সদৃশ।

কারণ $\angle PSM = \angle MON = 90^\circ$

এবং $\angle PMS =$ বিপ্রতীপ $\angle OMN$

$$\therefore \frac{PS}{ON} = \frac{SM}{MO}$$

$$\text{বা, } \frac{PS}{9.5} = \frac{15}{5} = 3$$

$$\text{বা, } PS = 3 \times 9.5 = 28.5$$

নদীটির প্রস্থ = 28.5 মিটার। (Ans.)



৭. দুটি সদৃশ চিত্রের—

- বাহুগুলো পরস্পর সমানুপাতিক
- অনুরূপ কোণগুলো পরস্পর সমান
- বেত্রফল পরস্পর সমান

নিচের কোনটি সঠিক?

[নওগাঁ জিলা স্কুল]

- i ও ii
- Ⓐ i ও iii
- Ⓔ ii ও iii
- Ⓒ i, ii ও iii

১০.৪ : সদৃশ ত্রিভুজ


পৃষ্ঠা : ১৪০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮. দুটি সদৃশ ত্রিভুজের একটি সূক্ষ্মকোণী হলে অপর ত্রিভুজটি কোন ধরনের হবে? (সহজ)

- Ⓐ সূক্ষ্মকোণী
- সূক্ষ্মকোণী
- Ⓔ সমকোণী
- Ⓒ সমবাহু

৯.



$\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ হলে, y এর মান কত? (সহজ)

- Ⓐ 4
- 5
- Ⓔ 8
- Ⓒ 10


ব্যাখ্যা : $\frac{AB}{DE} = \frac{AC}{DF}$

$$\text{বা, } \frac{8}{4} = \frac{10}{y} \quad [\because DF = y]$$

$$\therefore y = 5$$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০. $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ হবে যদি—



i. $\angle A = \angle D, \angle B = \angle E, \angle C = \angle F$

ii. $\frac{AB}{DE} = \frac{BC}{EF} = \frac{AC}{DF}$ এবং

iii. $AB = BC$ ও $DE = DF$ হয়


নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- i ও ii ☒ i ও iii ☒ ii ও iii ☒ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ১১ – ১৩ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে $\triangle ABC$ ও $\triangle LMN$ পরস্পর সদৃশ।

১১. $\angle ACB = ?$

(মধ্যম)

- ☒ 48° ● 57° ☒ 75° ☒ 105°

ব্যাখ্যা : $\angle ACB + \angle BAC + \angle ABC = 180^\circ$

বা, $\angle ACB + 48^\circ + 75^\circ = 180^\circ$

বা, $\angle ACB = 180^\circ - 123^\circ$

$\therefore \angle ACB = 57^\circ$

১২. $\angle BAC = ?$

(সহজ)

- ☒ $\angle NML$ ● $\angle MLN$ ☒ $\angle LNM$ ☒ $\angle ACB$


ব্যাখ্যা : সদৃশ ত্রিভুজের অনুরূপ কোণগুলো সমান।

১৩. $\angle NML = ?$

(কঠিন)

- ☒ 48° ☒ 57° ● 75° ☒ 90°

■ নিচের তথ্যের আলোকে ১৪ – ১৬ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে প্রদত্ত $\triangle NML$ ও $\triangle ZXY$ সদৃশ হলে :

১৪. $LM : XY =$ কত সে.মি.?

(সহজ)

- ☒ 4 : 1 ● 1 : 4 ☒ 2 : 1 ☒ 1 : 2

ব্যাখ্যা : $\therefore LM : XY = 2 : 8 = 1 : 4$

১৫. $ZY =$ কত সে.মি.?

(কঠিন)

- ☒ 6 ☒ 9 ● 12 ☒ 16

ব্যাখ্যা : ত্রিভুজদ্বয় সদৃশ বলে $LM : XY = NM : ZY$

বা, $1 : 4 = 3 : ZY$ বা, $\frac{1}{4} = \frac{3}{ZY}$

$\therefore ZY = 3 \times 4 = 12$

১৬. $ZX =$ কত সে.মি.?

(কঠিন)

- ☒ 8 ● 10 ☒ 12 ☒ 14

ব্যাখ্যা : $NL : ZX = 1 : 4$

বা, $\frac{NL}{ZX} = \frac{1}{4}$ বা, $\frac{2.5}{ZX} = \frac{1}{4}$ বা, $ZX = 4 \times 2.5 = 10$

১০.৫ : ত্রিভুজের সদৃশতার শর্ত

■ পৃষ্ঠা : ১৪১

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. ২ মিটার দৈর্ঘ্যের একটি লাঠি মাটিতে দন্ডায়মান অবস্থায় ০.৪ মিটার ছায়া ফেলে। একটি খাড়া গাছের ছায়ার দৈর্ঘ্য ১৪ মিটার হলে গাছটির উচ্চতা কত মিটার? (কঠিন)

- ☒ 17.5 ☒ 25 ● 35 ☒ 70


ব্যাখ্যা : লাঠি ও গাছটি সদৃশ হওয়ায়

$\frac{\text{লাঠির দৈর্ঘ্য}}{\text{ছায়ার দৈর্ঘ্য}} = \frac{\text{গাছের দৈর্ঘ্য}}{\text{গাছের ছায়ার দৈর্ঘ্য}}$

বা, $\frac{2}{0.8} = \frac{h}{14}$ বা, $0.8h = 28$

বা, $h = \frac{28}{0.8}$

$\therefore h = 35$ মিটার



১৮. যদি একটি ত্রিভুজের অতিভুজের ও অপর একটি বাহুর অনুপাত অন্য আর একটি ত্রিভুজের অতিভুজ ও অনুরূপ বাহুর অনুপাত সমানুপাতিক হয় তবে ত্রিভুজদ্বয় পরস্পর কী হবে? (মধ্যম)

- সদৃশ ☒ সর্বসম ☒ অসদৃশ ☒ অসর্বসম

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. ত্রিভুজের সদৃশতার শর্ত—

- i. বাহু-বাহু-বাহু ii. বাহু-কোণ-বাহু

iii. অতিভুজ-বাহু

নিচের কোনটি সঠিক?

(সহজ)

- ☒ i ও ii ☒ i ও iii ☒ ii ও iii ● i, ii ও iii

২০. দুইটি ত্রিভুজ সদৃশ হবে যদি—

i. একটি ত্রিভুজের একটি কোণ ও দুইটিবাহু অপর একটি ত্রিভুজের একটি কোণ ও দুইটি বাহুর সমান হয়।

ii. একটির দুইটি কোণ যথাক্রমে অপরটির দুইটি কোণের সমান হয়।

iii. ত্রিভুজদ্বয় সর্বসম হয়।

নিচের কোনটি সঠিক?


(সহজ)

- ☒ i ও ii ☒ i ও iii ● ii ও iii ☒ i, ii ও iii

ব্যাখ্যা : i. সঠিক নয়; কমপক্ষে দুইটি কোণ সমান হতে হবে।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ২১ – ২৩ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে $\triangle ABC$ ও $\triangle DEF$ এ $\angle B = \angle E$

২১. $\triangle ABC$ ও $\triangle DEF$ কোন শর্ত অনুযায়ী সদৃশ হবে? (কঠিন)

- ☒ বাহু-বাহু-বাহু ● বাহু-কোণ-বাহু

☒ কোণ-কোণ ☒ অতিভুজ-বাহু

ব্যাখ্যা : $AB : DE = 3 : 30 = 1 : 10$

$BC : EF = 5 : 50 = 1 : 10$

এবং $\angle B = \angle E$

\therefore বাহু-কোণ-বাহু সদৃশতার শর্ত অনুযায়ী $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ।

২২. AC বাহুর অনুরূপ বাহু কোনটি?

(সহজ)

- ☒ AB ☒ BC ● DF ☒ DE

২৩. অনুরূপ বাহুগুলোর অনুপাত কত?


(সহজ)

- ☒ 1 : 2 ☒ 1 : 3 ☒ 1 : 5 ● 1 : 10

ব্যাখ্যা : $AB : DE = 3 : 30 = 1 : 10$

$BC : EF = 5 : 50 = 1 : 10$

■ নিচের তথ্যের আলোকে ২৪ – ২৬ নং প্রশ্নের উত্তর দাও:




চিত্রে $\triangle ABC$ ও $\triangle DEF$ ত্রিভুজ সদৃশ হলে

২৪. $\angle BAC = ?$ (সহজ)
 (ক) $\angle EFD$ (খ) $\angle EDF$ (গ) $\angle FED$ (ঘ) $\angle ABC$

২৫. অনুরূপ বাহুগুলোর অনুপাত কত? (মধ্যম)
 (ক) 2 : 1 (খ) 3 : 1 (গ) 4 : 1 (ঘ) 5 : 1
 ব্যাখ্যা : $AB : DE = 4 : 2 = 2 : 1$
 $BC : EF = 12 : 6 = 2 : 1$

২৬. $AC : DF = ?$ (সহজ)
 (ক) 2 : 1 (খ) 1 : 2 (গ) 3 : 1 (ঘ) 1 : 3
 ব্যাখ্যা : $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ
 $\therefore AC : DF = AB : DE = 2 : 1$

■ নিচের তথ্যের আলোকে ২৭ – ২৯ নং প্রশ্নের উত্তর দাও:



$\triangle DEF$ ও $\triangle KLN$ সদৃশ

২৭. $\angle NKL =$ কত ডিগ্রি? (সহজ)
 (ক) 40° (খ) 50° (গ) 60° (ঘ) 70°
 ব্যাখ্যা : সদৃশ ত্রিভুজের অনুরূপ কোণ পরস্পর সমান।

২৮. $NL : FE =$ কত? (মধ্যম)
 (ক) 2 : 1 (খ) 3 : 2 (গ) 3 : 4 (ঘ) 4 : 3
 ব্যাখ্যা : $\triangle NKL$ ও $\triangle DEF$ সদৃশ এবং $\frac{KL}{DE} = \frac{6}{3}$
 বা, $KL : DE = 2 : 1$ [সদৃশ ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান।]

২৯. $EF =$ কত সে.মি.? (মধ্যম)
 (ক) 2 (খ) 3 (গ) 4 (ঘ) 6
 ব্যাখ্যা : ২৮ থেকে
 $NL : FE = 2 : 1$
 বা, $\frac{NL}{FE} = \frac{2}{1}$ বা, $\frac{FE}{NL} = \frac{1}{2}$ বা, $FE = \frac{1}{2} \times NL = \frac{1}{2} \times 4 \therefore FE = 2$

১০.৬ : সদৃশ চতুর্ভুজ

■ পৃষ্ঠা : ১৪২

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


৩০. দুইটি চতুর্ভুজের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক এবং কোণগুলো সমান হলে তারা পরস্পর নিচের কোনটি হবে? (কঠিন)
 (ক) সদৃশ (খ) অসদৃশ (গ) সর্বসম (ঘ) সমান
৩১. বর্গক্ষেত্রের সদৃশ চতুর্ভুজটি নিচের কোনটি হবে? (সহজ)
 (ক) বর্গবেত্র (খ) আয়তবেত্র (গ) রম্বস (ঘ) সামান্তরিক

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. দুইটি সদৃশ চতুর্ভুজের—
 i. অনুরূপ কোণগুলো সমানুপাতিক
 ii. অনুরূপ বাহুগুলো সমানুপাতিক
 iii. অনুরূপ কোণগুলো সমান
 নিচের কোনটি সঠিক? (সহজ)
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
 ব্যাখ্যা : i. সঠিক নয়; অনুরূপ কোণগুলো সমান হতে হবে।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ৩৩ – ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:



৩৩. ABCD ও EFGH চতুর্ভুজদ্বয় দেখে কোনটি মনে হয়? (সহজ)
 (ক) চতুর্ভুজদ্বয় সর্বসম (খ) চতুর্ভুজদ্বয় সমান
 (গ) চতুর্ভুজদ্বয় সদৃশ (ঘ) চতুর্ভুজদ্বয় অসদৃশ
৩৪. চাঁদার সাহায্যে মেপে ABCD চিত্রের $\angle A = 80^\circ$, $\angle B = 80^\circ$, $\angle D = 100^\circ$ পাওয়া গেলে $\angle G = ?$ (কঠিন)
 (ক) 80° (খ) 90° (গ) 100° (ঘ) 120°
৩৫. যদি $AB = 3$ সে.মি. ও $EF = 2$ সে.মি. হয়, তবে অনুরূপ বাহুগুলোর সমানুপাতিক ধ্রুবকের মান কত হবে? (মধ্যম)
 (ক) $\frac{2}{3}$ (খ) $\frac{3}{2}$ (গ) $\frac{3}{5}$ (ঘ) $\frac{2}{5}$



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান




প্রশ্ন-১▶ ABC একটি ত্রিভুজ। AD, BC এর লম্ব সমদ্বিখন্ডক।

[চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]

- ক. কি শর্ত পূরণ করলে দুটি সমকোণী ত্রিভুজ পরস্পর সর্বসম হয়। ২
 খ. প্রমাণ কর যে, $\angle A + \angle B + \angle C = 180^\circ$ ৪
 গ. আরও প্রমাণ কর যে, $ABD \cong \triangle ADC$ ৪

▶ ১নং প্রশ্নের সমাধান ▶

- ক. দুইটি সমকোণী ত্রিভুজের অতিভুজদ্বয় সমান হলে এবং একটির এক বাহু অপরটির অপর এক বাহুর সমান হলে, ত্রিভুজদ্বয় সর্বসম হবে।
 খ. মনে করি, ABC একটি ত্রিভুজ। প্রমাণ করতে হবে যে, $\angle A + \angle B + \angle C = 180^\circ$



অঙ্কন : BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করি এবং BA এর সামান্তরাল করে CE রেখা আঁকি।

প্রমাণ :

- | ধাপ | যথার্থতা |
|---|---------------|
| ১। $BA \parallel CE$ এবং AC তাদের ছেদক।
$\therefore \angle BAC = \angle ACE$ | [একান্তর কোণ] |
| ২। $BA \parallel CE$ এবং BD তাদের ছেদক।
$\therefore \angle ABC = \angle ECD$ | [অনুরূপ কোণ] |
| ৩। $\angle BAC + \angle ABC = \angle ACE +$ | |

$$\angle ECD = \angle ACD$$


$$8 \mid \angle BAC + \angle ABC + \angle ACB = \text{[উভয় পর্বকে } \angle ACB \text{ দ্বারা যোগ করে]}$$

$$\angle ACD + \angle ACB = 180^\circ \text{ [সরল কোণ উপপাদ্য]}$$

$$\text{বা, } \angle BAC + \angle ABC + \angle ACB = 180^\circ$$

$$\therefore \angle A + \angle B + \angle C = 180^\circ \text{ (প্রমাণিত)}$$

- গ. $\triangle ABC$ এ, AD , BC এর লম্ব সমদ্বিখন্ডক। প্রমাণ করতে হবে যে, $\triangle ABD \cong \triangle ADC$.



প্রমাণ :

ধাপ

যথার্থতা

১। AD , BC এর লম্বসমদ্বিখন্ডক।

$$\therefore BD = DC \text{ এবং } AD \perp BC$$

$$\therefore \angle ADB = \angle ADC = \perp \text{ সমকোণ}$$


২। $\triangle ABD$ ও $\triangle ADC$ এ, $BD = DC$

AD সাধারণ বাহু

$$\text{অন্তর্ভুক্ত } \angle ADB = \text{অন্তর্ভুক্ত } \angle ADC$$

[বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$$\therefore \triangle ABD \cong \triangle ADC \text{ [প্রমাণিত]}$$



[বাংলাদেশ মহিলা সমিতি স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]


ক. $\triangle AEF$ এর মধ্যমা কয়টি ও কি কি? ২

খ. চিত্র (গ)-এ $AB = AC$ হয়। তাহলে প্রমাণ কর যে, $\angle ABC = \angle ACB$. ৪


গ. চিত্র (ক) ও (খ) $AB = DE$, $AC = DF$ হয় এবং $\angle BAC = \angle EDF$ হয় তাহলে প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle DEF$. ৪

▶▶ ২নং প্রশ্নের সমাধান ▶▶

ক. $\triangle DEF$ এর মধ্যমা তিনটি যথাক্রমে DA , BE ও CF



খ.



মনে করি, $\triangle ABC$ -এ $AB = AC$ । প্রমাণ করতে হবে যে, $\angle ABC = \angle ACB$

অঙ্কন : $\angle BAC$ এর সমদ্বিখন্ডক AD আঁকি যেন তা BC কে D বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১। $\triangle ABD$ ও $\triangle ACD$ এ, $AB = AC$

প্রদত্ত

AD সাধারণ বাহু এবং অন্তর্ভুক্ত

$$\angle BAD = \text{অন্তর্ভুক্ত } \angle CAD$$

[অঙ্কন]

$$\therefore \triangle ABD \cong \triangle ACD$$

$$\therefore \angle ABD = \angle ACD$$


[বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$$\text{অর্থাৎ } \angle ABC = \angle ACB \text{ [প্রমাণিত]}$$

গ. $\triangle ABC$ ও $\triangle DEF$ এ, $AB = DE$, $AC = DF$ এবং অন্তর্ভুক্ত

$$\angle BAC = \text{অন্তর্ভুক্ত } \angle EDF$$

প্রমাণ করতে হবে যে, $\triangle ABC \cong \triangle DEF$



প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) $\triangle ABC$ কে $\triangle DEF$ এর উপর এমনভাবে স্থাপন করি যেন A বিন্দু D বিন্দুর উপর ও AB বাহু DE বাহু বরাবর এবং DE বাহুর যে পাশে F আছে C বিন্দু ঐ পাশে পড়ে। এখন $AB = DE$ বলে B বিন্দু অবশ্যই E বিন্দুর উপর পড়বে।

বাহুর সর্বসমতা

(২) যেহেতু $\angle BAC = \angle EDF$ এবং AB বাহু DE বাহুর উপর পড়ে। সুতরাং AC বাহু DF বাহু বরাবর পড়বে।

[কোণের সর্বসমতা]

(৩) $AC = DF$ বলে C বিন্দু অবশ্যই F বিন্দুর উপর পড়বে।


[বাহুর সর্বসমতা]

(৪) এখন B বিন্দু E বিন্দুর উপর এবং C বিন্দু F বিন্দুর উপর পড়ে বলে BC বাহু অবশ্যই EF বাহুর সাথে পুরোপুরি মিলে যাবে।

[দুইটি বিন্দুর মধ্য দিয়ে একটি মাত্র সরলরেখা অঙ্কন করা যায়]

অতএব, $\triangle ABC$, $\triangle DEF$ এর উপর সমাপতিত হবে।

$$\triangle ABC \cong \triangle DEF \text{ [প্রমাণিত]}$$




ক. চিত্রটির অনুরূপ চিত্র আঁক। ২

খ. অনুরূপ বাহুগুলোর অনুপাত বের কর। ৪

গ. $\triangle WXY$ ও $\triangle YVZ$ কি সদৃশ? ৪

▶▶ ৩নং প্রশ্নের সমাধান ▶▶

ক. প্রদত্ত চিত্রের অনুরূপ চিত্র আঁকা হলো :



খ. ΔYVZ ও ΔYXW এর অনুরূপ বাহুগুলোর অনুপাত

$$YX : YV = 4 : 6 = 2 : 3$$

$$\text{এবং } YW : YZ = 6 : 9 = 2 : 3$$

চিত্র হতে আমরা দেখতে পাই যে, ত্রিভুজদ্বয়ের একটির দুই বাহু অপরটির অনুরূপ দুই বাহুর সমানুপাতিক।

গ. ΔYWX ও ΔYZV -এ

$$\angle WYX = \text{বিপ্রতীপ} \angle ZYV$$

$$YX : YV = 2 : 3$$


['খ' হতে পাই]

$$YW : YZ = 2 : 3$$

['খ' হতে পাই]

সুতরাং ΔYWX ও ΔYZV সদৃশ। (প্রমাণিত) [বাহু-কোণ-বাহু, সদৃশতা শর্ত]

প্রশ্ন-৪ ▶



ক. ΔABC ও ΔACD এর AB ও AC অনুরূপ বাহু নির্ণয় কর।

২

খ. ΔABC ও ΔACD সদৃশ হলে x এর মান নির্ণয় কর।

৪

গ. প্রমাণ কর যে, ত্রিভুজদ্বয় সদৃশ।

৪

▶▶ ৪নং প্রশ্নের সমাধান ▶▶

ক. AB বাহুর অনুরূপ বাহু হচ্ছে AD বাহু এবং AC বাহুর অনুরূপ বাহু হচ্ছে CD বাহু।

খ. ΔABC ও ΔACD সদৃশ হলে,

$$\frac{AB}{AD} = \frac{BC}{AC}$$

$$\text{বা, } \frac{4}{5} = \frac{x}{3}$$


$$\text{বা, } 5x = 12$$

$$\text{বা, } x = \frac{12}{5}$$

$$\text{বা, } x = 2.4$$

অতএব, x এর মান 2.4 একক

গ.



বিশেষ নির্বচন : দেওয়া আছে, চিত্রে ΔABD এ $AB = 4\text{cm}$, $AD = 5\text{cm}$. এবং $BD = (x + 4)\text{cm}$. $AB \perp AD$, $\angle BAD = 90^\circ$. প্রমাণ করতে হবে যে, ΔABD , ΔABC এবং ΔACD পরস্পর সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔABD ও ΔABC -এ

$$\angle BAD = \angle ACB$$

[সমকোণ]

এবং $\angle ABC = \angle ABD$

[সাধারণ কোণ]

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ

২. আবার, ΔACD ও ΔABD -এ

$$\angle ACD = \angle BAD$$

[সমকোণ]

এবং $\angle ADC = \angle ADB$


[সাধারণ কোণ]

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ

৩. ΔABC এবং ΔACD সদৃশ [প্রত্যেকেই ΔABD এর সদৃশ]

\therefore ত্রিভুজদ্বয় পরস্পর সদৃশ। (প্রমাণিত)


প্রশ্ন-৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর :



- ক. চিত্রটি আঁক ও অনুরূপ কোণগুলো চিহ্নিত কর। ২
 খ. চতুর্ভুজ দুইটির অনুরূপ বাহুগুলোর অনুপাত বের কর। ৪
 গ. চতুর্ভুজ দুইটি কি সদৃশ? ৪

▶▶ ৫নং প্রশ্নের সমাধান ▶▶

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি আঁকা হলো:



খ. $APTX$ ও $FBKG$ চতুর্ভুজ দুইটির অনুরূপ বাহুগুলোর অনুপাত

$$AP : FB = 10 : 5 = 2 : 1$$


$$PT : BK = 6 : 3 = 2 : 1$$

$$TX : KG = 2 : 1$$

$$XA : GF = 8 : 4 = 2 : 1$$

গ. 'ক' অংশ হতে পাই, $APTX$ ও $FBKG$ চতুর্ভুজের অনুরূপ কোণগুলো সমান এবং অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান। অর্থাৎ, $AP : FB = PT : BK = TX : KG = XA : GF = 2 : 1$ যেহেতু, চতুর্ভুজ $APTX$ ও $FBKG$ এর অনুরূপ কোণগুলো সমান এবং অনুরূপ বাহুগুলো সমানুপাতিক। সুতরাং চতুর্ভুজ দুইটি সদৃশ।

প্রশ্ন-৬ ▶




একটি লাঠির দৈর্ঘ্য ২ সে.মি., এর ছায়ার দৈর্ঘ্য ১.৫ সে.মি.। আবার একটি গাছের ছায়ার দৈর্ঘ্য ৯ সে.মি.।

- ক. 45° একটি কোণ উৎপন্ন কর। ২
 খ. একটি ত্রিভুজের অতিভুজ x মিটার, একটি বাহু ১০ মিটার। অপর একটি সদৃশ ত্রিভুজের অতিভুজ ১৩ মিটার ও অন্য অনুরূপ বাহু ৫ মিটার হলে x এর মান কত? ৪
 গ. উদ্দীপকের গাছের দৈর্ঘ্য y হলে, y এর মান কত? ৪

▶▶ ৬নং প্রশ্নের সমাধান ▶▶

ক. 45° একটি কোণ উৎপন্ন কর।



খ. ত্রিভুজদ্বয় সদৃশ হলে,
অতিভুজদ্বয়ের অনুপাত = অনুরূপ বাহুদ্বয়ের অনুপাত
বা, $\frac{x}{13} = \frac{10}{5}$

$$\text{বা, } x = \frac{10 \times 13}{5}$$

$$\therefore x = 26 \text{ মিটার (Ans.)}$$

গ. নির্দিষ্ট সময়ে সকল কিছুর খাড়া দৈর্ঘ্যের শীর্ষ বিন্দু ও ছায়ার শীর্ষ বিন্দু সদৃশ ত্রিভুজ গঠন করে।

$$\therefore \frac{2}{1.5} = \frac{y}{9}$$

$$\text{বা, } y = \frac{2 \times 9}{1.5}$$

$$\text{বা, } y = 12$$


অতএব, গাছটির দৈর্ঘ্য 12 সে.মি.। (Ans.)



সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ




প্রশ্ন-৭ ▶



- ক. CR = কত? ২
খ. প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle ADC$. ৪
গ. দেখাও যে, ABCD ও APQR চতুর্ভুজদ্বয়ের বাহুগুলোর অনুপাত ধ্রুবক। ৪
উত্তর : ক. 5 সে.মি.

প্রশ্ন-৮ ▶ চিত্রে AB = AC



- ক. উদ্দীপককে ব্যাখ্যা কর। ২
খ. AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে F ও E হলে প্রমাণ কর যে, BE = CF. ৪
গ. প্রমাণ কর যে, $\triangle AEF$ ও $\triangle ABC$ সদৃশ। ৪



অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান




প্রশ্ন-৯ ▶ চিত্রে, ABC একটি সমবাহু ত্রিভুজ। D, E ও F যথাক্রমে BC, AB ও AC বাহুর মধ্যবিন্দু।

- ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২
খ. প্রমাণ কর যে, $\angle EDB = \angle FDC$ ৪
গ. DF = FC হলে প্রমাণ কর যে, $\triangle FCD$ ও $\triangle ABC$ সদৃশ। ৪

EB = FC [E ও F যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু]
BD = DC [D, BC এর মধ্যবিন্দু]
এবং $\angle EBD = \angle FCD$ [অন্তর্ভুক্ত কোণ]
 $\therefore \triangle EBD \cong \triangle FCD$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
অর্থাৎ, $\angle EDB = \angle FDC$ [অনুরূপ কোণ]
(প্রমাণিত)

▶◀ ৯নং প্রশ্নের সমাধান ▶◀

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি আঁকা হলো।



- খ. প্রমাণ :
ধাপ
১. $\triangle ABC$ এ
AB = BC = AC [সমবাহু ত্রিভুজের সংজ্ঞানুসারে]
 $\angle ABC = \angle ACB$
বা, $\angle EBD = \angle FCD$
আবার, AB = BC = AC
 $\therefore \frac{1}{2} AB = \frac{1}{2} BC = \frac{1}{2} AC$
 $\therefore EB = BD = DC = FC$
২. $\triangle EBD$ ও $\triangle FCD$ -এ

- গ. খ থেকে পাই,
DC = FC
দেওয়া আছে, DF = FC
 $\therefore DC = FC = DF$
 $\therefore \triangle FDC$ সমবাহু ত্রিভুজ।
আবার, $\triangle ABC$ সমবাহু ত্রিভুজ।
 $\therefore \triangle ABC$ ও $\triangle FCD$ সদৃশ। [বাহু-বাহু-বাহু উপপাদ্য] (প্রমাণিত)


প্রশ্ন-১০ ▶ $\triangle ABC$ সমকোণী সমদ্বিবাহু। $BO \perp AC$ এবং O, AC এর মধ্যবিন্দু।

- ক. উদ্দীপকের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২
খ. প্রমাণ কর যে, $\triangle OAB \cong \triangle OCB$ ৪
গ. প্রমাণ কর যে, $\triangle OAB$ ও $\triangle ABC$ সদৃশ। ৪



▶◀ ১০নং প্রশ্নের সমাধান ▶◀

ক. তথ্যের আলোকে চিত্র আঁকা হলো।



খ. প্রমাণ করতে হবে যে, $\triangle OAB \cong \triangle OCB$

প্রমাণ :

ধাপ

১. $OA = OC$

[O, AC এর মধ্যবিন্দু]

২. এখন, $\triangle AOB$ ও $\triangle COB$ -এ

$OA = OC$

যথার্থতা

[ধাপ-১]

BO সাধারণ বাহু

এবং অন্তর্ভুক্ত $\angle BOA = \angle BOC$ [প্রত্যেকে এক সমকোণ]

$\therefore \triangle AOB \cong \triangle COB$ (প্রমাণিত) [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

গ. প্রমাণ করতে হবে যে,

$\triangle OAB$ ও $\triangle ABC$ সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle OAB$ ও $\triangle ABC$ এ

$\angle AOB = \angle ABC =$ এক সমকোণ

$\angle A$ সাধারণ কোণ

$\therefore \triangle OAB$ ও $\triangle ABC$ সদৃশ। (প্রমাণিত) [কোণ-কোণ-সদৃশতার শর্ত]



অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্নব্যংক উত্তরসহ



প্রশ্ন-১১ ▶ ABCD চতুর্ভুজের AC কর্ণ, $\angle BAD$ ও $\angle BCD$ এর

সমদ্বিখন্ডক।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে চতুর্ভুজটি আঁক।

২


খ. প্রমাণ কর যে, $\angle B = \angle D$.

৪

গ. চতুর্ভুজটির AC ও BD কর্ণদ্বয় পরস্পর সমদ্বিখন্ডিত করলে প্রমাণ কর যে, চতুর্ভুজটি একটি রম্বস।

৪

প্রশ্ন-১২ ▶ নিচের চিত্র লক্ষ কর :



ক. চিত্রটি আঁক।

২

খ. সমান কোণগুলো দেখাও ও সদৃশ বাহুগুলোর অনুপাত নির্ণয় কর।

৪

গ. y এর মান কত হলে $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ হবে?

৪